

**Publication:** - Aajkal

**Date:** - 11<sup>th</sup> February, 2020

**Page :-** 02


**State Budget reaction 2020 by The Bengal Chamber on 10th February 2020**

# বাজেটকে স্বাগত বণিক মহলের

## অভিজিৎ বসাক

রাজ্য বাজেটকে স্বাগত জানাল শিল্পোদ্যোগী, বণিক সংগঠন। তাদের মতে, এই বাজেট কৃষি, ক্ষুদ্র, ছোট এবং মাঝারি শিল্প, শিক্ষায় বিশেষ জোর দিয়েছে। রাজ্য সরকারের ঘোষিত নতুন প্রকল্পে মানুষ উপকৃত হবেন। আরও বেশি কাজের সুযোগ তৈরি করতে এই বাজেট অত্যন্ত কার্যকরী হবে বলে ধারণা তাদের।

সোমবার এক বিবৃতিতে বেঙ্গল ন্যাশনাল চেম্বার অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির সভাপতি অর্পণ মিত্র জানান, চা-বাগান কর্মীদের জন্য আবাসন প্রকল্প, প্রান্তিক মানুষদের জন্য নিখরচায় বিদ্যুৎ, নতুন ৩৯টি ক্ষুদ্র, ছোট এবং মাঝারি শিল্প পার্ক গড়ে তোলার উদ্যোগ প্রশংসনীয়। যে কোনও দেশ, রাজ্যের জন্য গুরুত্বপূর্ণ দুটি ক্ষেত্রে হল কৃষি এবং শিক্ষা। রাজ্য সরকার এই দুটি বিষয়েই জোর দিয়েছে।



ছোট এবং বস্ত্র শিল্পের জন্য ৮৮০ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। এটাও একটা উল্লেখযোগ্য দিক। বেঙ্গল চেম্বার অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি জানিয়েছে, সামাজিক ক্ষেত্র এবং বণিক মহল— সবাই লাভবান হবে বাজেট থেকে। শিল্পোদ্যোগীদের সমস্যা সমাধানে বিশেষ গুরুত্ব দেওয়া

হয়েছে। আরও বেশি কর্মসংস্থানের সুযোগ তৈরির উদ্যোগ নেওয়া হয়েছে। ভারত চেম্বার অফ কমার্সের সভাপতি রমেশকুমার সারোগি বলেন, 'রাজ্যের আর্থিক বোঝা থাকা সত্ত্বেও দেশের তুলনায় রাজ্য অনেক

এগিয়ে রয়েছে। রাজ্যের শিল্প উৎপাদনে ৩.১ শতাংশ বৃদ্ধি হয়েছে। মার্চেন্টস চেম্বার অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি জানিয়েছে, মূল্যযুক্ত কর (ভ্যাট), বিক্রয় কর, প্রবেশ কর নিয়ে যে-সব সমস্যা রয়েছে, তা তড়িঘড়ি মেটানোর উদ্যোগ নিতে চলেছে রাজ্য। এটা ব্যবসায়ীদের জন্য স্বস্তির খবর।